# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

প্রধান কার্যালয়
১৪৬/১, জাফরাবাদ, শংকর,পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।
ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ **dkibbd@gmail.com**, ওয়েবঃ-**www.dkib.org**

## ৩০/০৬/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ৩০/০৬/২০১৮ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা আ. কা. মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং সভা পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি ।

আব্দুর রাজ্জাক, এসএপিপিও, ভৈরব, কিশোরগঞ্জ, কাজী মোহাম্মদ আলী, এসএপিপিও, কাপাসিয়া, গাজীপুর সহ গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে ও যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে এবং এ টি এম আবুল কাশেম, সভাপতি, মোঃ নাজিম উদ্দিন, সহ-সভাপতি, ফকির মোঃ বেলায়েত হোসেন, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটির নেতৃবৃন্দ সহ জেলা ও উপজেলার যে সকল ডিপ্লোমা কৃষিবিদ হজ্জব্রত পালনের উদ্দেশে সৌদি আরব গমন করবেন তাদের সুস্বাস্থ্য কামনা করা হয়। ২৩ অক্টোবর ২০১৩ইং তারিখের মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ১৯/০৬/২০১৮ইং তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, বিভাগ, সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ২য় শ্রেণী পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় পরম করুনাময়ের কাছে শুকরিয়া আদায় করে দোয়া পরিচালনা করেন জনাব মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে শ্রদ্ধার সাথে স্মরণ করেন বাংলাদেশ এর স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে । ১৯/০৬/২০১৮ইং তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ২৩ অক্টোবর ২০১৩ ইং তারিখে কেআইবি কমপ্লেক্স উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, বিভাগ, সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ২য় শ্রেণী পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় সর্বশক্তিমান মহান আল্লাহর কাছে শুকুরিয়া আদায় করেন। তিনি উল্লেখ করেন যে, ১৯/০৬/২০১৮ইং তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ২য় শ্রেণী পদমর্যাদা সহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত গৃহিত হওয়ার সাথে সাথেই ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে তাৎক্ষনিকভাবে পুষ্পার্ঘ অর্পন করা হয়। তিনি ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীকে প্রাণঢালা অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি মাননীয় অর্থ মন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এমপি মহোদয়কে এবং মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি মহোদয় ও কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাবেক সভাপতি এবং বাংলাদেশ আওয়ামীলীগ এর সাংগঠনিক সম্পাদক জননেতা জনাব আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি মহোদয়কে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জাতিসংঘে বাংলাদেশের সাবেক স্থায়ী আবাসিক প্রতিনিধি ও রাষ্ট্রদূত জনাব ড. এ কে আব্দুল মোমেন এবং সিলেট সদর উপজেলার চেয়ারম্যান আলহাজ্ব আশফাক আহমদ এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল প্রাপ্তিতে বিশেষ সহযোগীতা করায় মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ডিপ্লোমা কৃষিবিদদের কিংবদন্তী নেতা মরহুম জনাব শেখ আবদুর রহমান, মরহুম জনাব ইব্রাহিম মিয়া, মরহুম জনাব হোসেন আহমদ সহ সকল নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদসহ যে সকল সংগঠন ১০ম গ্রেড প্রাপ্তিতে সক্রিয় ভূমিকা এবং সহযোগীতা প্রদান করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর মহাসচিব সাহেবকে সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ০৯/০৬/২০১৮ইং তারিখের জাতীয় কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

### সিদ্ধান্ত-০১ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজার জিয়ারতঃ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, বিভাগ, সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের দীর্ঘদিনের প্রাণের দাবি ২য় শ্রেণীর পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় গত ২৮/০৬/২০১৮ইং তারিখে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজার জিয়ারত করেন এবং পুষ্পস্তবক অর্পন করেন।

<u>সিদ্ধান্ত-০২ঃ কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন:</u>

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, বিভাগ, সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের দীর্ঘদিনের প্রাণের দাবি ২য় শ্রেণীর পদমর্যাদা সহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এমপি, মাননীয় অর্থ মন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এমপি, মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক জনাব আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি, মাননীয় শিল্প মন্ত্রী জনাব আমির হোসেন আমু এমপি, মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ এমপি, মাননীয় শিক্ষা মন্ত্রী জনাব নূরুল ইসলাম নাহিদ এমপি, মাননীয় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হক এমপি, মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান, মাননীয় প্রতিমন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনপ্রশাসন মন্ত্রণালয় জনাব ইসমাত আরা সাদেক এমপি, জনাব আলহাজ্ব মকবুল হোসেন এমপি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, জনাব কাজী কেরামত আলী এমপি, সাবেক সভাপতি, সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত স্থায়ী কমিটি, উপাধ্যক্ষ আব্দুস শহীদ এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সাবেক সদস্য, জনাব র আ ম উবাইদুল মোক্তাদির এমপি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সাবেক সদস্য, মরহুম ড. শওকত মোমেন শাহজাহান, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সাবেক সভাপতি, মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট কাজে সহায়তা প্রদানকারী সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

<u>সিদ্ধান্ত-০৩ঃ</u> কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান এবং সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদধারীগণ দীর্ঘদিন যাবৎ তাদের ন্যায্য অধিকার প্রাপ্তি থেকে বঞ্চিত রয়েছেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সদয় দৃষ্টি প্রদানের জন্য নিম্ন বর্ণিত ন্যায্য দাবী সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০১। ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি/কোটা সংরক্ষণঃ

(ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে এএইও/সমমান পদে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া দ্রুততর করা।

(খ) বি.সি.এস(কৃষি) ক্যাডারের প্রারম্ভিক এইও পদে ডিপ্লোমা কৃষিবিদ এএইও থেকে পদোন্নতির জন্য ফিডার পদে বর্তমান চাকুরির মেয়াদ ০৫ বছর থেকে কমিয়ে ০১বছর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(গ) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত ২০% কোটায় ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/ সমমানদের চলতি দায়িত্ব প্রদান করা ।

(ঘ) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি কোটা ২০% থেকে ৩৩.৩৪% এ উন্নীত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০২। সরকারী নীতির আলোকে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১৪/১২/২০১৫ইং তারিখ পর্যন্ত (গ্রেডেশন নং-৭৭০৬ থেকে ৭৮৮৫পর্যন্ত মোট ১৮৪ জনের) সিলেকশনগ্রেড প্রদান করা।

০৩। ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান গ্রেডেশন তালিকা হাল নাগাদ করা।

খ) এএইও/সমমান পদধারীদের গ্রেডেশন তালিকা হাল নাগাদ করা।

০৪। উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা (এসএপিপিও) পদে পদায়নের জন্য সুষ্ঠু নীতিমালা প্রণয়ন করা।

০৫। কৃষক প্রশিক্ষণে ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের অংশ গ্রহণ নিশ্চিত করা।

০৬। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য বিদেশ প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা।

০৭। **Revisit** রিভিউতে পরিমার্জন/সংশোধনের মাধ্যমে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ কর্মকর্তাদের বিলুপ্তকৃত পদ গুলো পুনঃস্থাপন বা সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

০৮। উদ্ভিদ সংগনিরোধ উইং এর পূর্বের কেন্দ্র গুলো সহ নবনির্মিত কেন্দ্র সমূহে পিকিউআই পদ সৃষ্টি করা।

০৯। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে ফার্ম ম্যানেজারের পদ সৃষ্টি করা।

১০। হর্টিকালচার সেন্টার গুলোর আয়তন পূর্বের ন্যায় নির্ধারণ করা এবং নার্সারী তত্ত্বাবধায়কের পদ সৃষ্টি করা।

১১। মাঠ পর্যায় ব্লক খালি রেখে উজেলা, জেলা এবং অঞ্চল পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদে কর্মরতদের প্রেষণ/ মৌখিক আদেশ বাতিল করা।

১২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের অতিরিক্ত দায়িত্বভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

১৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প সমূহ স্বচ্ছতার সাথে বাস্তবায়নের নীতিমালা প্রণয়ন করা।

১৪। উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের হায়ার পারচেজ ভিত্তিতে মোটর সাইকেল প্রদানের ব্যবস্থা করা।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করে উপরোক্ত সমস্যা সমূহ দ্রুত সমাধান করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

<u>সিদ্ধান্ত-০৪ঃ</u> কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক মহোদয়কে নিরপেক্ষতার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ ডিকেআইবি ভবন সংলগ্ন মোহাম্মদপুর মেট্রোপলিটন কৃষি অফিসটি অতিদ্রুত অন্যত্র সরানোর জন্য মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের উন্নয়ন ও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প মাঠে ময়দানে বিরাজমান আছে। কৃষকগণ যাতে বিভিন্ন প্রকল্পের বরাদ্দকৃত সমুদয় অর্থ ও উপকরণাদি সঠিক সময়ে এবং সঠিক পরিমানে পায় সে জন্য ভাংতি বিবরণী/পরিচ্ছন্নপত্র ফেসবুক বা বিভিন্ন সামাজিক গণমাধ্যমে প্রচার করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়া কোন ব্যক্তি বা সংগঠন এর বিরুদ্ধে **Facebook** এ অপপ্রচার না করার জন্য সকলকে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ ২৩ অক্টোবর ২০১৩ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার প্রেক্ষিতে ১৯/০৬/২০১৮ইং তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, বিভাগ, সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ২য় শ্রেণীর পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতনস্কেল উন্নীতের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণাকে স্মরণীয় করে রাখার নিমিত্তে ২৩ অক্টোবর কে "ডিপ্লোমা কৃষিবিদ দিবস" হিসেবে পালনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত-০৮ঃ গত ১০/০৫/১৮ইং তারিখ থেকে ৩০/০৫/১৮ইং তারিখ পর্যন্ত সময়ে ডিকেআইবির কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক ঘোষিত মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে যে সব জেলা স্মারকলিপি প্রদানে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৯ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায় ব্লক খালি রেখে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে উপজেলা, জেলা এবং অঞ্চলের অফিস গুলোতে প্রেষণ/মৌখিক আদেশের মাধ্যমে কাজ করানো হচ্ছে। তাদের প্রেষণ/মৌখিক আদেশ বাতিল করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বারবার অনুরোধ করা সত্ত্বেও তিনি উক্ত আদেশ বাতিল করেন নাই। এমতাবস্থায় আগামী ৩১ জুলাই এর মধ্যে প্রেষণ/মৌখিক আদেশের মাধ্যমে কর্মরত সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে স্বেচ্ছায় আবেদনপত্র প্রদান করে স্ব স্ব কর্মস্থলে যোগদান করার জন্য অনুরোধ করা হলো এবং নিজ নিজ কর্মস্থল থেকে আগামী ডিকেআইবির নির্বাচনে সদস্য পদ নবায়ন করে ভোটার তালিকায় তালিকা ভূক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১০ঃ এএইও/সমমানদের পদোন্নতি এবং সিলেকশন গ্রেড প্রাপ্তির কার্যক্রম করার জন্য ডিকেআইবির কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ম মহাসচিব জনাব মোঃ আলফাজ উদ্দিনকে দায়িত্ব প্রদান করা হলো।

সিদ্ধান্ত-১১ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সভাপতি পবিত্র হজ্জ্বব্রত পালনকালীন সময়ে ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে, প্রজ্ঞাপন (জিও) জারীর কাজে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যাতায়াত সহ অন্যান্য প্রয়োজনীয় দায়িত্ব পালনের জন্য ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলাউদ্দিন আহমেদ, মহাসচিব জনাব আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, যুগ্ম মহাসচিব জনাব মোঃ আলফাজ উদ্দিন এবং সাংগঠনিক সম্পাদক জনাব শেখ শহীদ মোঃ আব্বাছকে বিশেষ দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১২ঃ হয়রানি মূলক বদলী আদেশ বাতিল

মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় কর্মরত কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ ইয়াহিয়া, উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে বরিশাল অঞ্চলে, শরিয়তপুর জেলার ডিকেআইবির সভাপতি জনাব জাহাঙ্গীর হোসেন উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে ফরিদপুর জেলায়, গোপালগঞ্জ জেলার ডিকেআইবির সাধারন সম্পাদক জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে বরিশাল অঞ্চলে এবং তেজগাঁও থানা সার্কেল কৃষি অফিস, ঢাকায় কর্মরত জনাব আপেল মাহমুদ, উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সিলেটে অঞ্চলে, জনাব মোঃ মফিজ উদ্দিন, উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে ঝিনাইদহ সদর থেকে যশোর, শার্শা উপজেলায় এবং ডিকেআইবি নওগাঁ জেলা শাখার সভাপতি, সাধারন সম্পাদকসহ ০৫ জন নেতৃবৃন্দকে হয়রানিমূলক বদলী করায় তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হয়। অনতিবিলম্বে তাদের বদলীর আদেশ বাতিল করে পূর্ববর্তী কর্মস্থলে পদায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১৩ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ইতিহাস প্রণয়ন ও সংরক্ষণ সংক্রান্ত কমিটি গঠনঃ-

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ইতিহাস প্রণয়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম করার জন্য নিম্নরূপ সাব-কমিটি গঠন করা হলোঃ-

| | | |
|---|---|---|
| ০১। জনাব আলাউদ্দিন আহমদ | উপ-সভাপতি (ভারপ্রাপ্ত) | আহবায়ক |
| ০২। জনাব মোঃ নাজিম উদ্দিন | সহ-সভাপতি | সদস্য |
| ০৩। জনাব মোঃ আলফাজ উদ্দিন | যুগ্ম -মহাসচিব | সদস্য সচিব |

সিদ্ধান্ত-১৪ঃ (ক) ডিকেআইবির সকল প্রকার চাঁদা, ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত বার্ষিক চাঁদা ও কল্যাণ চাঁদা (২০১৮ সালের সমূদয় চাঁদা নতুন গঠনতন্ত্র অনুযায়ী), ডিপ্লোমা কৃষিবিদ মহাসম্মেলন-২০১৭ এর বিশেষ বকেয়া চাঁদা অতিদ্রুত পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ্য সদস্য নবায়ন ফি জনপ্রতি ১০০/- টাকা হারে (নতুন ও পুরাতন সদস্য সকলের জন্য প্রযোজ্য) কেন্দ্রে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭ এ ভবন নির্মানের যাবতীয় ব্যয়ভার মেটানোর জন্য ডিকেআইবি সদস্য প্রতি ধার্য্যকৃত বিশেষ চাঁদা যে সকল জেলা পরিশোধ করেন নাই তাদেরকে অতিদ্রুত কেন্দ্রে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(গ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/২০১৮ উপলক্ষ্যে ভোটার তালিকা হালনাগাদ করার জন্য সদস্য নবায়ন ফরম পূরণ করে ৩১ জুলাই ২০১৮ এর মধ্যে কেন্দ্রে জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১৫ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাংগঠনিক কার্যক্রম শক্তিশালী করা, সংগঠন অফিসকে সুসজ্জিত করা সহ অন্যান্য উন্নয়ন মূলক প্রয়োজনীয় কার্যক্রম করার নিমিত্তে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সদস্য প্রতি ১০০০/-(এক হাজার) টাকা হারে "উন্নয়ন সহায়তা অনুদান" হিসেবে উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ.টি.এম আবুল কাশেম
সভাপতি

স্মারকনং- ডিকেআইবি/জা স-১৩১(২০০) তারিখঃ ৩০/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ................................।
১২. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, .....................................।
১৩. মাননীয় পরিচালক, ..................................................................।
১৪. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ......................।
১৫. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ................................... জেলা।
১৬. সভাপতি/মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
১৮. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৯. প্রধান নির্বাচন কর্মকর্তা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা।
২০. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২২. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... উপজেলা শাখা, ............ জেলা।
২৩. জনাব ........................................................................................।

৩০-০৬-২০১৮ ইং

(এ টি এম আবুল কাশেম)
সভাপতি
মোবাইলঃ ০১৭১১-৪৮৮৪২৫